

# Times Today BD

জেলা প্রতিনিধি | রাজশাহী | 04 May, 2025

নওগাঁ জেলা আওয়ামী লীগের কার্যালয়ের লিফটের রেলিং ছুরি করতে গিয়ে সাত তলা থেকে পড়ে দেলোয়ার হোসেন (৩৫) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। রোববার (৪ মে) দুপুর আড়াইটার দিকে শহরের সরিষা হাটির মোড়ে অবস্থিত জেলা আওয়ামী লীগ কার্যালয়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত দেলোয়ার শহরের জনকল্যাণ পাড়ার শহিদুল মোড় এলাকার মৃত মসির উদ্দিনের ছেলে। তিনি পেশায় একজন বাস কন্ডাক্টর ছিলেন।

প্রত্যক্ষদর্শী রনি জানান, দেলোয়ার দলীয় কার্যালয়ের সাত তলায় উঠে লিফটের রেলিং ছুরি চেপ্টা করছিলেন। এ সময় বৈদ্যুতিক তারের সঙ্গে পা জড়িয়ে নিচে পড়ে যান তিনি। ঘটনার পরপরই ফায়ার সার্ভিসের সদস্যরা এসে তাকে মৃত অবস্থায় উদ্ধার করে নওগাঁ ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নিয়ে যান।

নওগাঁ সদর মডেল থানার উপপরিদর্শক বুলবুল আহমেদ বলেন, ফায়ার সার্ভিসের সদস্যদের খবর পেয়ে হাসপাতালে যাই। সেখানে গিয়ে দেলোয়ার হোসেনকে মৃত অবস্থায় পাই। তার মরদেহ ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

উল্লেখ্য, ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে নওগাঁ জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়টি পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে।

আওয়ামী লীগ হাসপাতাল ফায়ার সার্ভিস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:00

URL: <https://www.timestodaybd.com/public/rajshahi/1119911912>